দৈনিক ইনকিলাব

তারিখ 0 4 JUN 1987
পৃষ্ঠা 6 কলাম 1
২০ জ্যৈষ্ঠ ১৩৯৪

000-14

দৈনিক ইনকিলাব

# আল-কুরআন

## বিছমিল্লাহির রাহমানির রাহীম

পরম করুণাময় দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

**ইয়াওমা তুবাদ্দালুল আরদু গাইরাল্ আরদ্বি ওয়াছ ছামাওয়াতু ওয়া বারাজু লিল্লাহিল্ ওয়াহিদিল্ ক্বাহ্হার।**

(যে দিন এই পৃথিবী পরিবর্তিত হয়ে অন্য পৃথিবী হবে এবং আকাশমণ্ডল ও মানুষ আল্লাহর সামনে উপস্থিত হবে যিনি একক পরাক্রমশালী।)

[পারা-১৩, সূরা-ইবরাহীম, রুকু-৭, আয়াত-৪৮।]

**ওয়ালাক্বাদ সাররাফ্না ফী হাযাল কুরআনি লিন্নাছি মিন্ কুল্লি মাছাল্, ওয়া কানাল্ ইন্ছানু আকছারা শাই-ইন্ জাদালা।**

(অবশ্যই আমি মানুষের জন্য এই কুরআনে বিভিন্ন উপমার দ্বারা আমার কালাম বিশদভাবে বর্ণনা করেছি। মানুষ অধিকাংশ ব্যাপারেই বিতর্ক প্রিয়।)

[পারা-১৫, সূরা- ক্বাহ্ফ, আয়াত-৫৪, রুকু-৮]

**আফাহাছিবতুম আন্নামা খালাক্বনাকুম, আবাছাওঁ ওয়া আন্নাকুম ইলাইনা লা তুরজ্বাউন।**

(তোমরা কি মনে করেছিলে যে আমি তোমাদেরকে অনর্থক সৃষ্টি করেছি, এবং তোমরা আমার নিকট প্রত্যাবর্তিত হবে না?)

[পারা-১৮, সূরা-মু'মিনুন, আয়াত-১১৫, রুকু-৬]